April 24, 2026

The Manager, CRD
**BSE Limited**
P J Towers, Dalal Street, Fort,
Mumbai - 400001

The Manager, Listing Department
**National Stock Exchange of India Limited**
Exchange Plaza, 5th Floor,
Plot No. C-1, Block G, BKC, Bandra (E),
Mumbai - 400051

The Secretary
**The Calcutta Stock Exchange Limited**
7, Lyons Range,
Kolkata - 700001

**BSE Security Code: 500043**

**NSE Symbol: BATAINDIA**

**CSE Scrip Code: 10000003**

Dear Sir/Madam,

**Subject: Submission of Newspaper Publications**

Further to our letter dated April 23, 2026, inter alia, regarding "Submission of Postal Ballot Notice", we are submitting in terms of Regulation 30 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015, copies of the Newspaper Advertisements, published in 'Financial Express' (English) (All Editions) and 'Ekdin' (Bengali) (Kolkata Edition) on April 24, 2026.

The aforesaid information is also available on the website of the Company, viz., www.bata.in

We request you to take the same on record.

Thanking you,

Yours faithfully,
**For BATA INDIA LIMITED**

NITIN BAGARIA

**NITIN BAGARIA**
*AVP - Company Secretary & Compliance Officer*

***Encl.: As above***

# BATA INDIA LIMITED

[CIN: L19201WB1931PLC007261]
Registered Office: 27B, Camac Street, 1st Floor, Kolkata - 700016, West Bengal
Telephone: +91 33 2289 5790 | Fax: +91 33 2289 5748
E-mail: share.dept@bata.com | Website: www.bata.in

## PUBLIC NOTICE

**NOTICE** is hereby given, in accordance with Sections 108, 110 and other applicable provisions, if any, of the Companies Act, 2013 (as amended) (the "Act"), read with the Companies (Management and Administration) Rules, 2014 (as amended), the General Circulars, issued by the Ministry of Corporate Affairs (the "MCA"), bearing No. 14/2020, No. 17/2020, No. 22/2020, No. 33/2020, No. 39/2020, No. 10/2021, No. 20/2021, No. 3/2022, No. 11/2022, No. 09/2023, No. 09/ 2024 and No. 03/2025 dated April 8, 2020, April 13, 2020, June 15, 2020, September 28, 2020, December 31, 2020, June 23, 2021, December 8, 2021, May 5, 2022, December 28, 2022, September 25, 2023, September 19, 2024 and September 22, 2025 respectively (collectively the "MCA Circulars"), Revised Secretarial Standard on General Meetings ("SS-2") issued by the ICSI, that the Company has on Thursday, April 23, 2026 completed the transmission of the Notice of Postal Ballot (e-Voting) dated April 15, 2026 (the "Notice") (also available on the Company's website - www.bata.in and on the website of NSDL- www.evoting.nsdl.com) by email to the Members whose email addresses are registered, for seeking consent to the following Special Business to be transacted by means of Postal Ballot (e-Voting):

| Item No. | Type of Resolution | Brief Description |
|---|---|---|
| 1 | Special | Re-appointment of Ms. Radha Rajappa (DIN: 08530439) as an Independent Director |

**It is hereby also informed that:**

1. In terms of Sections 108, 110 and other applicable provisions, if any, of the Act, read together with the rules made thereunder, the MCA Circulars and in compliance with Regulation 44 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015 (as amended), the Company is pleased to offer remote e-Voting facility to all the Members of the Company. The Company has appointed NSDL for facilitating remote e-Voting to enable the Members to cast their votes electronically. The physical copy of the Notice, postal ballot forms and postage pre-paid reply envelopes will not be sent to the Members for this Postal Ballot in accordance with the MCA Circulars. Accordingly, the communication of the assent or dissent of the Members would take place through the remote e-Voting only.
2. **The said remote e-Voting facility will commence on Friday, April 24, 2026 (9:00 A.M. IST) and shall end on Saturday, May 23, 2026 (5:00 P.M. IST).** Members are requested to cast their votes through the remote e-Voting not later than 5:00 P.M. IST on Saturday, May 23, 2026 to be eligible for being considered, failing which it will be strictly considered that no vote has been received from the concerned members. The remote e-Voting module shall be disabled by NSDL for voting thereafter.
3. The Board of Directors of the Company has appointed Mr. Gagan Verma, Partner [B.Com (H), LLB & Company Secretary], failing him, Mr. Obaidur Rahman, Associate Partner [B.Com (H), LLB & Company Secretary], both of M/s. Kochhar & Co., Advocates and Legal Consultants, 11th Floor, Tower-A, DLF Towers, Jasola District Center, New Delhi - 110025, as the Scrutinizer, for scrutinizing the process of Postal Ballot (remote e-Voting) in a fair and transparent manner.
4. The Members of the Company whose names appear in the Register of Members / List of Beneficial Owners as received from the Depositories i.e. CDSL & NSDL as on Friday, April 17, 2026 [including those Members who may not have received the Notice due to non-registration of the email addresses with the Company / the Registrar to an Issue and Share Transfer Agent {M/s. MUFG Intime India Private Limited (formerly M/s. Link Intime India Private Limited), C 101, 247 Park, L.B.S. Marg, Vikhroli (West), Mumbai - 400083} (the "RTA") / the Depositories], shall only be entitled to vote in relation to the resolution specified in the Notice. Voting rights shall be reckoned on the paid-up value of shares registered in the names of the Members as on Friday, April 17, 2026 ("cut-off date"). **A person who is in receipt of the Notice but was not a member on the cut-off date should treat the Notice for information purposes only.**
5. The results of Postal Ballot shall be declared on or before Monday, May 25, 2026, by 5:00 P.M. (IST) by the Chairman of the Board of Directors or in his absence, by such Director/KMP of the Company, duly authorised in this regard and the results declared will be displayed, for atleast 3 (three) days, along with the Scrutinizer's Report at the Registered Office of the Company in Kolkata and at the Corporate Office of the Company in Gurugram at Milestone Experion Centre, 2nd Floor, Sector 15, Part - II, Gurugram - 122001, Haryana and will also be uploaded on the website of the Company (www.bata.in) and on the e-Voting website of NSDL (www.evoting.nsdl.com) and will also be simultaneously forwarded to the Stock Exchanges (National Stock Exchange of India Limited, BSE Limited and The Calcutta Stock Exchange Limited) where the equity shares of the Company are listed.
6. Members holding shares in physical mode and whose email addresses are not registered, may cast their votes through e-Voting system, after registering their email addresses by sending the following documents to the Company at share.dept@bata.com or to the RTA at investor.helpdesk@in.mpms.mufg.com:
   i. Scanned copy of a signed request letter, mentioning the name, folio number & number of shares held and complete postal address;
   ii. Self-attested scanned copy of PAN Card; and
   iii. Self-attested scanned copy of any document (such as AADHAAR card / latest Electricity Bill/ latest Telephone Bill / Driving License / Passport /Voter ID Card / Bank Passbook particulars) in support of the postal address of the Member as registered against their shareholding.

   **Members holding shares in the demat mode should update their email addresses directly with their respective Depository Participants.**
7. Members who have not registered their email addresses either with the Company, its RTA or the Depositories and wish to receive the Postal Ballot Notice and / or cast their votes through remote e-Voting may also write to the Company at share.dept@bata.com or to the RTA at investor.helpdesk@in.mpms.mufg.com or to NSDL at evoting@nsdl.com and obtain their User ID and Password for remote e-Voting by sending the following documents:
   i. Scanned copy of a signed request letter mentioning their name and DP ID and Client ID / folio number;
   ii. Self-attested scanned copy of PAN Card; and
   iii. Self-attested scanned copy of any document (such as AADHAAR card / latest Electricity Bill/ latest Telephone Bill / Driving License / Passport / Voter ID Card / Bank Passbook particulars) in support of the postal address of the Member as registered against their shareholding.

   The Company has additionally provided the facility to the Members to temporarily update their email addresses by accessing the link https://web.in.mpms.mufg.com/EmailReg/Email_Register.html for the limited purpose of receiving shareholder communications including the Notice.

   **It is clarified that for permanent registration of email addresses, the Members are, however, requested to register their email addresses, in respect of electronic holdings with the Depositories, through the concerned Depository Participants.**
8. In case of any query / grievance (including any technical assistance required with respect to remote e-Voting), Members may refer to the Frequently Asked Questions (FAQs) for Shareholders and e-voting User Manual for Shareholders available under the Download section of NSDL's e-Voting website (www.evoting.nsdl.com) or contact:
   i. Mr. Pritam Dutta, Deputy Manager, NSDL, 301, 3rd Floor, Naman Chambers, G Block, Plot No. - C - 32, Bandra Kurla Complex, Bandra East, Mumbai - 400051, Maharashtra at telephone no. 022 - 4886 7000 or at email ID: evoting@nsdl.com
   ii. Mr. Milan Arora, Deputy Manager, Bata Secretarial Department, at phone no. 033 - 2289 5796 / +91 0266660547 or at email ID: share.dept@bata.com
9. For further details, please visit www.bata.in or the websites of the Stock Exchanges where the equity shares of the Company are listed.

By order of the Board of Directors
For Bata India Limited
Sd/-
Nitin Bagaria
*Company Secretary & Compliance Officer*

Place : Gurugram
Date : April 23, 2026

# ভোটদানের জোয়ারে ভেসে গেল তামিলনাড়ু

**চেন্নাই, ২৩ এপ্রিল ২০২৬:** সালের বিধানসভা নির্বাচনে জোরদার ভোটদানের সাক্ষী থাকল তামিলনাড়ু। বৃহস্পতিবার সকাল থেকেই বুথগুলির সামনে ভোটারদের দীর্ঘ লাইন নজরে পড়ে, যা বিকেলের দিকে আরও গতি পায়। নির্বাচন কমিশনের সর্বশেষ পরিসংখ্যান অনুযায়ী, বিকেল ৫টা পর্যন্ত রাজ্যে গড় ভোটদানের হার দাঁড়িয়েছে ৮২.২৪ শতাংশ। শান্তিপূর্ণ পরিবেশে ভোটগ্রহণ চললেও কিছু জায়গায় বিক্ষিপ্ত অভিযোগ ওঠে, তবে তা সামগ্রিক ছবিকে প্রভাবিত করতে পারেনি।

পরিসংখ্যান অনুযায়ী, এদিনের নির্বাচনে সর্বোচ্চ ভোট পড়েছে নামাক্কল জেলায়, যার হার ৭৬.৪৩ শতাংশ। তার পরেই রয়েছে করুর (৭৬.০৮ শতাংশ), সেলেম (৭৫.৭৯ শতাংশ), ইরোড (৭৫.৬১ শতাংশ) এবং তিরুপ্পুর (৭৫.৩৮ শতাংশ)। একাধিক জেলায় উচ্চ ভোটদানের হার রাজ্যের সামগ্রিক অংশগ্রহণকে আরও জোরদার করেছে।

রাজনৈতিক মহলের মতে, এবারের নির্বাচনে শহর ও গ্রাম উভয় ক্ষেত্রেই ভোটারদের উৎসাহ ছিল চোখে পড়ার মতো। বিশেষ করে প্রথমবারের ভোটার ও যুব সমাজের সক্রিয় অংশগ্রহণ নজর কেড়েছে।এই নির্বাচনে মূল লড়াই ডিএমকে ও এআইএডিএমকের মধ্যে। মুখ্যমন্ত্রী এম কে স্ট্যালিনের নেতৃত্বাধীন ডিএমকে জোট ক্ষমতা ধরে রাখার লড়াইয়ে রয়েছে। অন্যদিকে এডাপ্পাডি কে পলানিস্বামীর নেতৃত্বে এআইএডিএমকে জোট ক্ষমতায় ফেরার চেষ্টা চালাচ্ছে। পাশাপাশি অভিনেতা-রাজনীতিক বিজয়ের দলও এই নির্বাচনে নতুন মাত্রা যোগ করেছে। নির্বাচন কমিশন জানিয়েছে, বিকেল ৫টার পরেও যাঁরা লাইনে দাঁড়িয়ে ছিলেন, তাঁদের ভোটদানের সুযোগ দেওয়া হয়েছে। ফলে চূড়ান্ত ভোটদানের হার আরও কিছুটা বৃদ্ধি পেতে পারে বলে মনে করা হচ্ছে। সব মিলিয়ে, তামিলনাড়ুতে এবারের ভোটে জোরদার অংশগ্রহণ এবং তীব্র প্রতিদ্বন্দ্বিতা রাজনৈতিক সমীকরণে বড় প্রভাব ফেলতে চলেছে। উল্লেখ্য, তামিলনাড়ুতে এক দফাতেই ভোটগ্রহণ হচ্ছে এবং ফল ঘোষণা হবে ৪ মে।

## শীর্ষে নামাক্কল

## ভোটকেন্দ্রে পুলিশকর্মীর উপর ছুরি-হামলার ঘটনা

**চেন্নাই, ২৩ এপ্রিল:** তামিলনাড়ুর পোরাইয়ার এলাকায় ভোটগ্রহণ চলাকালীন এক পুলিশকর্মীর উপর ছুরি হামলার ঘটনা ঘটেছে। ঘটনায় গুরুতর আহত হয়েছেন এক হেড কনস্টেবল। পুলিশ সূত্রে জানা গেছে, পোরাইয়ারের জামালিয়া মিডল স্কুলের ৩২৪ নম্বর বুথে সকাল থেকেই দ্রুতগতিতে ভোটগ্রহণ চলছিল। সকাল ১১টা পর্যন্ত ওই বুথে প্রায় ৩৬.৬৫ শতাংশ ভোট পড়ে। এই সময় নিরাপত্তার দায়িত্বে থাকা কুথালম থানার হেড কনস্টেবল বিয়েশের উপর আচমকা এক ব্যক্তি ছুরি দিয়ে হামলা চালায়। তাঁর গলা ও দুই হাতে একাধিক আঘাত করা হয়। আহত পুলিশকর্মীকে দ্রুত হাসপাতালে ভর্তি করা হয়েছে। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

# খলিস্তানি নেতা অমৃতপালের ২ দিনের পুলিশ হেপাজত



**ডিব্রুগড় (অসম), ২৩ এপ্রিল:** অজনালা থানা সংক্রান্ত মামলায় অভিযুক্ত খালিস্তানি বিচ্ছিন্নতাবাদী নেতা অমৃতপাল সিংকে দুদিনের রিমান্ডে নিয়ে জিজ্ঞাসাবাদ করতে ডিব্রুগড় সদর থানায় এনেছে পঞ্জাব পুলিশ। অজনালা মামলায় সম্প্রতি পঞ্জাব ও হরিয়ানা হাইকোর্টের নির্দেশে পঞ্জাব পুলিশ বুধবার অমৃতপাল সিংকে ডিব্রুগড় জেলা কারাগারেই গ্রেপ্তার করে। তবে তাকে অসমের ডিব্রুগড় কারাগারেই বন্দি করে রাখার অনুমতি বহাল রেখেছে পঞ্জাব ও হরিয়ানা হাইকোর্ট। আদালত বলেছে, তাকে পঞ্জাবে স্থানান্তর করা হলে আইন-শৃঙ্খলার সমস্যা দেখা দিতে পারে। জাতীয় নিরাপত্তা আইনের (এনএসএ) অধীনে ২০২৩ সালের ২৩ এপ্রিল থেকে অসমের ডিব্রুগড় কেন্দ্রীয় কারাগারে বন্দি ছিলেন খ লিস্তানি বিচ্ছিন্নতাবাদী নেতা অমৃতপাল সিং। এনএসএর বলে বন্দিদশার মেয়াদ গতকাল বুধবার (২২ এপ্রিল) রাত ১১টা ৫৯ মিনিটে শেষ হয়েছে। মেয়াদ শেষ হওয়ার সঙ্গে সঙ্গে কারাগারেই অমৃতপালকে আরও বেশ কয়েকটি মামলায় ফের গ্রেপ্তার করেছে পঞ্জাব পুলিশ। বৃহস্পতিবার জেলা কারাগারে বিশেষজ্ঞ ডাক্তারের দল তার স্বাস্থ্য পরীক্ষা করেন। স্বাস্থ্য পরীক্ষার পর কড়া নিরাপত্তা বেষ্টনীর মধ্যে সদর থানায় আনা হয় তাকে। কোনও অপ্রীতিকর ঘটনা এড়াতে থানার ভেতরে ও বাইরে অতিরিক্ত নিরাপত্তা মোতায়েন করা হয়েছে। জানা গিয়েছে, পঞ্জাব পুলিশের হেফাজতে দুদিন ডিব্রুগড় সদর থানায় রেখে তাকে জিজ্ঞাসাবাদ করা হবে। আদালতের নির্দেশে অনুযায়ী, রিমান্ড শুনানি সহ সমস্ত আইনি প্রক্রিয়া অমৃতসরের একটি ট্রায়াল কোর্ট থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে পরিচালিত হয়েছে, যাতে সশরীরে স্থানান্তর ছাড়া তার আইনি প্রতিনিধিত্ব নিশ্চিত করা যায়।মামলাটি ২০২৩ সালের ২৪ ফেব্রুয়ারি দায়েরকৃত এক এফআইআরের ভিত্তিতে করা হয়েছিল। অমৃতপাল সিং-সহ প্রায় ৪১ জনের বিরুদ্ধে ভারতীয় দণ্ডবিধির বিভিন্ন ধারায় মামলা রুজু হয়েছে। উল্লেখযোগ্য অভিযোগগুলির মধ্যে হত্যার চেষ্টা, সরকারি কর্মচারীদের ওপর হামলা, দাঙ্গা, অপরাধমূলক ষড়যন্ত্র, অবৈধ জমায়েত এবং অস্ত্র আইন লঙ্ঘন। অসম পুলিশ জানিয়েছে, খালিস্তানি বিচ্ছিন্নতাবাদী নেতা অমৃতপাল সিংকে জিজ্ঞাসাবাদ চলছে। এখনই বিস্তারিত তথ্য প্রদান করা যাবে না, অপেক্ষা করতে হবে, জানিয়েছেন ডিব্রুগড়ের এক পদস্থ পুলিশ আধিকারিক। জানা গিয়েছে, এক ডেপুটি সুপারিনটেনডেন্ট অব পুলিশ (ডিএসপি) পদমর্যাদার আধিকারিকের নেতৃত্বে পঞ্জাব থেকে পুলিশের এক দল অসমে আসে। পঞ্জাব ও হরিয়ানা হাইকোর্টের অনুমতি পাওয়ার পর অসম সরকার ডিব্রুগড় সেন্ট্রাল জেলে এনএসএ-র মেয়াদ শেষ হলেও অমৃতপাল সিংকে আরও কিছুদিন রাখার সিদ্ধান্ত নেয়, যাতে পরবর্তী আইনি পদক্ষেপ নেওয়া যায়। অমৃতপাল সিং একজন উগ্রপন্থী শিখ প্রচারক তথা খ লিস্তানি বিচ্ছিন্নতাবাদী নেতা। ২০২৩ সালের ফেব্রুয়ারি মাসে অজনালা থানায় সংগঠিত ঘটনার প্রায় দু'মাস পর ২০২৩ সালের ২৩ এপ্রিল মোগা জেলার রোডে গ্রাম থেকে তাকে গ্রেপ্তার করা হয়। ওই ঘটনায় অভিযোগ অমৃতপাল সিং এবং তার সমর্থকরা ব্যারিকেড ভেঙে অস্ত্রসহ উপকণ্ঠের একটি থানায় ঢুকে তাদের এক সহযোগীর মুক্তির দাবিতে পুলিশের সঙ্গে সংঘর্ষে জড়ায়।অজনালা মামলায় দীর্ঘদিন উল্লেখযোগ্য অগ্রগতি হয়নি। কারণ অমৃতপাল সিং এনএসএর অধীনে প্রতিরোধমূলকভাবে বন্দি ছিলেন। এই মামলায় অমৃতপাল সহ মোট ৪১ জন অভিযুক্তের বিরুদ্ধে ভারতীয় দণ্ডবিধির বিভিন্ন ধারায় যেমন খুনের চেষ্টা, সরকারি কর্মচারীর ওপর হামলা, অপরাধমূলক ষড়যন্ত্র, দাঙ্গা, অবৈধ জমায়েত এবং অস্ত্র আইনের অধীনে মামলা রুজু করা হয়েছে। কারাবন্দি অবস্থায় অমৃতপাল সিং ২০২৪ সালের লোকসভা নির্বাচনে নির্দল প্রার্থী হিসেবে পঞ্জাবের খাদুর সাহিব কেন্দ্র থেকে প্রায় ১.৯ লক্ষ ভোট পেয়ে জয়লাভ করেন। ২০২৪ সালের ৫ জুলাই তিনি সাংসদ হিসেবে শপথ নেন।

# উত্তরপ্রদেশে দুর্ঘটনায় মৃত ১১

**নিজস্ব প্রতিবেদন, মির্জাপুর, ২৩ এপ্রিল:** উত্তরপ্রদেশের মির্জাপুরে ভয়াবহ দুর্ঘটনায় মৃত্যু হয়েছে ১১ জনের। বুধবার রাতে মির্জাপুরের ব্রাহ্মণগঞ্জ উপত্যকার কাছে একটি সড়ক দুর্ঘটনায় ১১ জন প্রাণ হারিয়েছেন। মির্জাপুরের এসপি অপর্ণা রজত কৌশিক বলেন, 'রাত প্রায় সাড়ে ৮টা নাগাদ আমরা ব্রাহ্মণগঞ্জ থেকে নামার পথে একটি দুর্ঘটনার খবর পাই। যানবাহনগুলো যখন নীচে নামছিল, তখন এই দুর্ঘটনা ঘটে। পেছন থেকে আসা একটি ট্রাক, সম্ভবত ব্রেক ফেল করার কারণে, সামনে এগোতে থাকা সামনের গাড়িগুলোকে ধাক্কা দেয়। এটি আরেকটি ট্রাকের সঙ্গেও ধাক্কা মারে, যার ফলে একটি গাড়ি দু'টির মাঝে আটকে পড়ে। এছাড়াও, ধাক্কা লাগার পর আরেকটি গাড়িতে আগুন ধরে যায়। রাস্তায় যান চলাচল স্বাভাবিক রাখতে যানবাহন ও ট্রাক সরিয়ে দেওয়া হচ্ছে।' ভয়াবহ এই দুর্ঘটনায় গভীর শোকপ্রকাশ করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। প্রধানমন্ত্রী ত্রাণ তহবিল থেকে মৃতদের পরিবারপিছু ২ লক্ষ টাকা এবং আহতদের ৫০ হাজার টাকা করে আর্থিক ক্ষতিপূরণ ঘোষণা করেছেন প্রধানমন্ত্রী।

## ময়দান

# বাঁকুড়ায় অম্বর রায় অনূর্ধ্ব-১৩ টুর্নামেন্টে চ্যাম্পিয়ন সোনামুখীর অন্নপূর্ণা একাডেমি



*চ্যাম্পিয়ন সোনামুখীর অন্নপূর্ণা ক্রিকেট একাডেমির ক্রিকেটাররা।*

**নিজস্ব প্রতিবেদন:** বাঁকুড়ার তামলি বাঁধ স্টেডিয়ামে রোমাঞ্চের চূড়ান্ত নজির গড়ল অম্বর রায় অনূর্ধ্ব-১৩ ক্রিকেট টুর্নামেন্টের ফাইনাল। সিএবি অনুমোদিত বাঁকুড়া ডিএসএর তত্ত্বাবধানে আয়োজিত এই প্রতিযোগিতার ট্রফি জিতে নিল সোনামুখীর অন্নপূর্ণা ক্রিকেট একাডেমি। একেবারে শেষ মুহূর্তের উত্তেজনায় ভরা ম্যাচে তারা এক উইকেটের ব্যবধানে হারাল ক্রিকেট একাডেমি অফ বাঁকুড়াকে।

প্রথমে ব্যাট করতে নেমে ক্রিকেট একাডেমি অফ বাঁকুড়া ১২৩ রান তোলে। জবাবে রান তাড়া করতে নেমে সোনামুখীর অন্নপূর্ণা ক্রিকেট একাডেমি শুরু থেকেই চাপে পড়লেও লড়াই ছাড়েনি। শেষ পর্যন্ত ৩৪তম ওভারে ৯ উইকেট হারিয়ে ১২৬ রান তুলে নাটকীয় জয় ছিনিয়ে নেয় তারা।

ফাইনালে অসাধারণ পারফরম্যান্সের জন্য সোনামুখীর অভিষেক রুইদাস 'ম্যান অব দ্য ম্যাচ' নির্বাচিত হন। অন্যদিকে, ম্যাচে ব্যক্তিগত সর্বাধিক রান করার জন্য ক্রিকেট একাডেমি অফ বাঁকুড়ার সারজিস চক্রবর্তী বিশেষ সম্মানে ভূষিত হন।

এই টুর্নামেন্টের মাধ্যমে দুই দলই পরবর্তী পর্যায়ের জন্য যোগ্যতা অর্জন করেছে। আগামী ২৫ এপ্রিল সিএবি আয়োজিত প্রতিযোগিতায় সোনামুখীর অন্নপূর্ণা ক্রিকেট একাডেমি মালদায় এবং ক্রিকেট একাডেমি অফ বাঁকুড়া বালুরঘাটে অংশগ্রহণ করবে। ফাইনাল ম্যাচে উপস্থিত ছিলেন সিএবি-র অ্যাপেক্স কাউন্সিলের সদস্য আশিস চক্রবর্তী, বাঁকুড়া ডিএসএর প্রাক্তন কার্যকরী সভাপতি সুব্রত দরিপা এবং বর্তমান কার্যকরী কমিটির সদস্য রঞ্জিত দে সহ অন্যান্য ক্রীড়া প্রশাসকরা।

# সঞ্জুর সেঞ্চুরি, চেন্নাই ২০৭

**নিজস্ব প্রতিবেদন:** বৃহস্পতিবার মুম্বই ইন্ডিয়ান্সের বিরুদ্ধে আরও একবার বুঝিয়ে দিলেন ফুরিয়ে যায়নি সঞ্জু স্যামসন। আইপিএলের 'এল ক্লাসিকো'তে মাত্র ৫৪ বলে ১০১ রানে অপরাজিত সঞ্জু স্যামসন। মারলেন ১০টি চার ও ছ'টি ছক্কা। ওয়াংখেড়েতে শেষ পর্যন্ত ৬ উইকেট হারিয়ে ২০৭ রান তুলল চেন্নাই সুপার কিংস। তবে আইপিএলে ২০০ পার করলেও স্বস্তিতে থাকতে পারে না ব্যাটিং দল। এদিন অধিনায়ক রুতুরাজ গায়কোয়াড় ঝোড়ো ব্যাটিং করেন। তবে বড় রান করতে পারলেন না তিনি। এর পর থেকেই রান তোলার গতি বাড়িয়ে দেন সঞ্জু সরফরাজ খানকে সঙ্গে পেয়ে। তবে সরফরাজও বেশিক্ষণ টিকতে পারেননি। ৮ বলে ১৪ রান করে আউট হন তিনি। দুই উইকেট পড়ে গেলেও চেন্নাইয়ের পাওয়ার প্লে-তে রান হয় ৭৩। যা বেশ ভালো বলেই বিবেচিত হবে। তবে সঞ্জু নিজের ছন্দে বিধ্বংসী ব্যাটিং চালিয়ে যান। এরপর সঞ্জুকে সঙ্গ দেন ডেওয়াল্ড ব্রেভিস। অশ্বনী কুমারের বলে ছক্কা মারতে গিয়ে আউট হন ব্রেভিস। ১১ বলে ২১ রান করেন তিনি। তরুণ কার্তিক শর্মা করেন ১৯ বলে ১৮ রান। ডেথ ওভারে জসপ্রীত বুমরাহের কাছে অবশ্য আটকে যান সঞ্জু। ১৭ তম ওভারে মাত্র দুই রান দেন তিনি। কার্তিককে আউট করেন। এছাড়াও মুম্বইয়ের বোলারদের মধ্যে গজনফর চার ওভারে ২৫ রান দিয়ে ২ উইকেট নেন তিনি।


**বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন**
**৯৮৩১৯১৯৭৯১**


**ফর্ম নং ইউআরসি-২**
**আইনের একবিংশ অধ্যায়ের প্রথম ভাগের অধীনে নিবন্ধন সংক্রান্ত বিজ্ঞপ্তি**
**[কোম্পানি আইন, ২০১৩-এর ধারা ৩৭৪(বি) এবং কোম্পানি (নিবন্ধনের জন্য অনুমোদিত) বিধিমালা, ২০১৪-এর বিধি ৪(১) অনুসারে]**

১. এতদ্বারা জানানো যাচ্ছে যে, কোম্পানি আইন, ২০১৩-এর ধারা ৩৬৬-এর উপধারা (২) অনুসারে, এতদ্বারা পনেরো দিনের মধ্যে কিন্তু অতঃপর ত্রিশ দিনের মেয়াদ শেষ হওয়ার পূর্বে রেজিস্ট্রার, সেন্ট্রাল রেজিস্ট্রেশন সেন্টার (সিআরসি), ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ কর্পোরেট অ্যাফেয়ার্স (আইআইসিএ), প্লট নং ৬, ৭, ৮, সেক্টর ৫, আইএমটি মানেসার, জেলা গুরগাঁও (হরিয়ানা), পিনকোড-১২২০৫০-এর কাছে একটি আবেদন করার প্রস্তাব করা হচ্ছে, যাতে মেসার্স ভিজিপিএল নেভিগেশন এলএলপি (এলএলপিআইএন এএকে-৭০৫৫), একটি সীমিত দায়বদ্ধ অংশীদারী প্রতিষ্ঠানকে কোম্পানির একবিংশ অধ্যায়ের প্রথম ভাগের অধীনে নিবন্ধিত করা যায় কোম্পানি আইন ২০১৩ অনুযায়ী, শেয়ার দ্বারা সীমিত একটি কোম্পানি হিসেবে।

২. কোম্পানির প্রধান উদ্দেশ্যসমূহ নিম্নরূপ -
এই কোম্পানিটি মেসার্স ভিজিপিএল নেভিগেশন এলএলপি-কে রূপান্তরিত করে গঠিত হচ্ছে, যার নিবন্ধিত কার্যালয় ইউএনএফ-২৬, ৩য় তল, উন্নয়ন কমার্শিয়াল কমপ্লেক্স, ১০৫০/১, সার্ভে পার্ক, সন্তোষপুর, কলকাতা-৭০০৭৫, পশ্চিমবঙ্গ, ভারত-এ অবস্থিত এবং যার ব্যবসা, তার সমস্ত সম্পদ, দায়, অধিকার, লাইসেন্স, বাধ্যবাধকতা এবং সম্পত্তি সহ প্রাপ্য অধিকারসমূহ একটি চলমান প্রতিষ্ঠান হিসাবে এই কোম্পানিতে স্থানান্তরিত ও ন্যস্ত করা হচ্ছে।
ভারত এবং আন্তর্জাতিকভাবে শিপিং এবং অন্যান্য শিল্প জুড়ে সমস্ত প্রক্রিয়া, উপ-প্রক্রিয়া, লেনদেন এবং ব্যবসায়িক কার্যক্রম সহ আউটসোর্সিং পরিষেবা প্রদানের ব্যবসা পরিচালনা করা; যার মধ্যে রয়েছে ব্যাক-অফিস সাপোর্ট, ওয়েব সাপোর্ট, আর্থিক ও ব্যবসায়িক বিশ্লেষণ, বাজার গবেষণা, অ্যাকাউন্টিং, পে-রোল, ইনভেন্টরি ম্যানেজমেন্ট, কাস্টমার রিলেশনশিপ ম্যানেজমেন্ট, শিপিং এবং লজিস্টিকস সাপোর্টের মতো আইটি-সক্ষম পরিষেবা; এবং বিশেষায়িত বিশ্লেষণাত্মক দক্ষতা ও শিল্প বিশেষজ্ঞতা প্রয়োজন এমন পরামর্শমূলক এবং ডোমেইন-ভিত্তিক পরিষেবা প্রদান করা।

৩. প্রস্তাবিত কোম্পানির খসড়া স্মারকলিপি এবং সংঘবিধির একটি অনুলিপি ইউএনএফ-২৬, ৩য় তল, উন্নয়ন কমার্শিয়াল কমপ্লেক্স, ১০৫০/১, সার্ভে পার্ক, সন্তোষপুর, কলকাতা-৭০০০৭৫, পশ্চিমবঙ্গ, ভারত-এ অবস্থিত অফিসে কার্যদিবসে সকাল ১০টা থেকে দুপুর ২ টার মধ্যে পরিদর্শন করা যাবে।

৪. এতদ্বারা জানানো যাচ্ছে যে, এই আবেদনের বিষয়ে কোনো ব্যক্তি আপত্তি জানালে, তিনি এই বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে ২১ (একুশ) দিনের মধ্যে কোম্পানির নিবন্ধিত অফিসে একটি অনুলিপি সহ, সেন্ট্রাল রেজিস্ট্রেশন সেন্টার (সিআরসি), ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ কর্পোরেট অ্যাফেয়ার্স (আইআইসিএ), প্লট নং ৬, ৭, ৮, সেক্টর ৫, আইএমটি মানেসার, জেলা গুরগাঁও (হরিয়ানা), পিন কোড-১২২০৫০-এ অবস্থিত রেজিস্ট্রারের কাছে লিখিতভাবে তার আপত্তি জানাতে পারবেন।

**ভিজিপিএল নেভিগেশন এলএলপি-এর পক্ষে**
স্বা/-
**কল্যাণ ব্যানার্জী**
**তারিখ : ২৪.০৪.২০২৬** **মনোনীত অংশীদার**
**স্থান : কলকাতা** **ডিপিআইএন : ০৫১২৮৬৫৪**

**সামীরা এনক্লেভ প্রাইভেট লিমিটেড**
৬/১, দেবনাথ ব্যানার্জি লেন ১ম তল
রুম নং ১, হাওড়া
কলকাতা - ৭১১১০২ (পশ্চিমবঙ্গ)
CIN: U45200WB2007PTC114442
ফোন নং : ৮৯৪৮৮ ৮৮৮৯৮
ইমেল আইডি : agarwalnits@gmail.com
**ফর্ম নং আইএনসি - ২৬**
**(২০১৪ সালের কোম্পানি (ইনকর্পোরেশন) রুলসের রুল ৩০ অধীনে)**
**কেন্দ্রীয় সরকার**
**কর্পোরেট বিষয়ক মন্ত্রক,**
**রিজিওনাল ডিরেক্টর, ইস্টার্ন রিজিওন**
**কর্পোরেট ভবন, ৭ম তল, প্লট নং ৩এফ/১৬,**
**এএ-৩এফ, রাজারহাট, নিউটাউন,**
**আকন্দকেশরী, কলকাতা - ৭০০১৩৫ সমীপে**
২০১৩ সালের কোম্পানি আইন, ২০১৩ সালের কোম্পানি আইনের ধারা ১৩(৪) ধারা এবং ২০১৪ সালের কোম্পানি (ইনকর্পোরেশন) রুলসের রুল ৩০ (৬)(এ) বিষয় সম্পর্কিত
এবং
সামীরা এনক্লেভ প্রাইভেট লিমিটেড রেজিস্টার্ড অফিস ৬/১, দেবনাথ ব্যানার্জি লেন ১ম তল, রুম নং ১, হাওড়া
কলকাতা - ৭১১১০২ (পশ্চিমবঙ্গ) সমীপে
... দরখাস্তকারী
এতদ্বারা সাধারণের অবগতির জন্য বিজ্ঞাপিত হচ্ছে যে, কোম্পানির শনিবার ৪ এপ্রিল ২০২৬ তারিখে অতিরিক্ত সাধারণ সভায় গৃহীত বিশেষ প্রস্তাব অনুযায়ী কোম্পানির রেজিস্টার্ড অফিস **"পশ্চিমবঙ্গ রাজ্য"** থেকে **"উত্তরপ্রদেশ রাজ্যে"** স্থানান্তরের বিষয়টি কোম্পানির মেমোরান্ডাম অব অ্যাসোসিয়েশনের পরিবর্তনক্রমে নিশ্চিত করার উদ্দেশ্যে ২০১৩ সালের কোম্পানি আইনের ধারা ১৩ অধীনে কেন্দ্রীয় সরকার এর নিকট কোম্পানি এক আবেদন দাখিলের প্রস্তাব করছে।
কোনও ব্যক্তির কোম্পানির রেজিস্টার্ড অফিস প্রস্তাবিত পরিবর্তনের ফলে স্বার্থ ক্ষুন্ন হওয়ার আশঙ্কা থাকলে বিনিয়োগকারীগণের ফর্মপূরণ সাপেক্ষে বা হাতেহাতে বা রেজিস্টার্ড ডাকে স্বার্থের ধরন এবং আপত্তির কারণ হলফনামা দ্বারা সমর্থিত মতে **রিজিওনাল ডিরেক্টর, (ইস্টার্ন রিজিওন), কর্পোরেট ভবন, ৭ম তল, প্লট নং ৩এফ/১৬, এএ-৩এফ, রাজারহাট, নিউটাউন, আকন্দকেশরী, কলকাতা - ৭০০১৩৫ (পব)** ঠিকানায় বিজ্ঞপ্তি প্রকাশের চৌদ্দদিনের মধ্যে এবং একটি কপি নিম্নে উল্লিখিত কোম্পানির রেজিস্টার্ড অফিসে পাঠাতে হবে :
**সামীরা এনক্লেভ প্রাইভেট লিমিটেড**
**রেজিস্টার্ড অফিস : ৬/১, দেবনাথ ব্যানার্জি লেন ১ম তল, রুম নং ১, হাওড়া, কলকাতা - ৭১১১০২ (পশ্চিমবঙ্গ)**
**ইমেল : agarwalnits@gmail.com**
**CIN: U45200WB2007PTC114442**
আবেদনকারীর পক্ষে
**সামীরা এনক্লেভ প্রাইভেট লিমিটেড**
স্বা/-
**মণীশ কুমার আগরওয়াল**
তারিখ : ২৩.০৪.২০২৬ ডিন : ০১১০৬০১৩
স্থান : কলকাতা ডিরেক্টর

**ইন্ডিয়ান ব্যাঙ্ক Indian Bank ইলাহাবাদ ALLAHABAD**
**ইন্ডিয়ান ব্যাঙ্ক**
**জোনাল অফিস : কলকাতা দক্ষিণ,**
**১৪-ইন্ডিয়া এক্সচেঞ্জ প্লেস, কলকাতা- ৭০০ ০০১**
**ইন্ডিয়ান ব্যাঙ্ক গার্ডেনরিচ শাখার জন্য লিজে প্রেমিসেসের জন্য টেন্ডার আহ্বায়ক নোটিশ**

ইন্ডিয়ান ব্যাঙ্ক, এক রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক কলকাতা শহরে, গার্ডেন রিচ এলাকায়, জেলা দক্ষিণ ২৪ পরগনা, পব, ১১০০ বর্গফুট থেকে ১২০০ বর্গফুট কার্পেট এরিয়া মাপের একতলায় পার্কিং সুবিধা সহ ১৫ বছরের লিজে শাখা এবং আনুমানিক ১০০ বর্গফুট এটিএম জন্য (তৈরি/নির্মীয়মাণ প্রেমিসেস) অফিস প্রেমিসেস এর মালিকগণের কাছ থেকে ২ ডাক ব্যবস্থায় (টেকনিক্যাল এবং ফিনান্সিয়াল ডাক) টেন্ডার আহ্বান করছে।
টেন্ডার ফর্ম নিম্নোক্ত ঠিকানা থেকে ২৪.০৪.২০২৬ বেলা ১২ টা থেকে ১৪.০৫.২০২৬ বিকেল ৫ টা পর্যন্ত ২৫০ টাকা (অফেরতযোগ্য) ডিডি'র আকারে ইন্ডিয়ান ব্যাঙ্কের অনুকূলে জমা দিয়ে সংগ্রহ করতে পারেন। টেন্ডার দাখিলের শেষ তারিখ ১৪.০৫.২০২৬ বিকেল ৫ টা পর্যন্ত। টেন্ডারের বিস্তারিত আমাদের ওয়েবসাইট **www.indianbank.in** থেকে পাওয়া যাবে।
**ব্যাঙ্ক কোনও কারণ না দেখিয়েই যেকোনও বা সকল প্রস্তাব বাতিলের অধিকার রাখে।**

স্বা/-
জোনাল ম্যানেজার,
ইন্ডিয়ান ব্যাঙ্ক, জোনাল অফিস : কলকাতা দক্ষিণ,
১৪-ইন্ডিয়া এক্সচেঞ্জ প্লেস, কলকাতা- ১

**ফর্ম বি**
**সাধারণ ঘোষণা**
(২০১৬ সালের ইনসলভেন্সি অ্যান্ড ব্যাঙ্করাপ্টসি বোর্ড অফ ইন্ডিয়া (লিকুইডেশন প্রসেস) রেগুলেশনসের রেগুলেশন ১২ অধীনে)
**(বালি এক্সপোর্টস লিমিটেড)-এর বিনিয়োগকারীগণের অবগতির জন্য**

| নং | বিবরণাদি | বিস্তারিত |
|---|---|---|
| ১. | কর্পোরেট ডেটরের নাম | **বালি এক্সপোর্টস লিমিটেড** |
| ২. | কর্পোরেট ডেটরের গঠনের তারিখ | ২১ মে ১৯৯৬ |
| ৩. | যে কর্তৃপক্ষের অধীনে কর্পোরেট ডেটর গঠিত/নথিভুক্ত | রেজিস্ট্রার অফ কোম্পানিজ, কলকাতা |
| ৪. | কর্পোরেট ডেটরের কর্পোরেট আইডেন্টিটি নং/ লিমিটেড লায়াবিলিটি আইডেন্টিফিকেশন নং | U51909WB1996PLC079772 |
| ৫. | কর্পোরেট ডেটরের রেজিস্টার্ড অফিস এবং প্রিন্সিপাল অফিসের ঠিকানা (যদি কিছু থাকে) | পি ২৬বি, কসবা ইন্ডাস্ট্রিয়াল এস্টেট, ফেজ ৩, তিলজলা কলকাতা, পশ্চিমবঙ্গ, ৭০০১০৭ |
| ৬. | ইনসলভেন্সি প্রস্তাব প্রক্রিয়া সমাপ্তির তারিখ | ২০ এপ্রিল ২০২৬ (মহামান্য এনসিএলটি কতৃক লিকুইডেশন নির্দেশ তারিখের পূর্বে) |
| ৭. | কর্পোরেট ডেটরের লিকুইডেশন শুরুর তারিখ | **২১ এপ্রিল ২০২৬** |
| ৮. | সাময়িক প্রস্তাব পেশাদার হিসেবে কার্যরত লিকুইডেটরের নাম এবং রেজিস্ট্রেশন নম্বর | নীরজ কুমার সুরেকা IBBI/IPA-001/IP-P-01539/2019-2020/12517 |
| ৯. | বোর্ডের নিকট রেজিস্ট্রিকৃত লিকুইডেটরের ঠিকানা এবং ইমেল | সেন্ট্রাল প্লাজা,৭ম তল, রুম নং এইচ, ৪১, বি বি গাঙ্গুলি স্ট্রিট, কলকাতা - ৭০০০১২ পশ্চিমবঙ্গ **ইমেল : ipneerajsureka@gmail.com** |
| ১০. | লিকুইডেটরের সহিত যোগাযোগের জন্য ঠিকানা এবং ইমেল | সেন্ট্রাল প্লাজা,৭ম তল, রুম নং এইচ, ৪১, বি বি গাঙ্গুলি স্ট্রিট, কলকাতা - ৭০০০১২ পশ্চিমবঙ্গ **ইমেল : cirp.bally@gmail.com** |
| ১১. | দাবি দাখিলের শেষ তারিখ | ২০ মে ২০২৬ |

এতদ্বারা বিজ্ঞাপিত হচ্ছে ন্যাশনাল কোম্পানি ল ট্রাইব্যুনাল (কলকাতা বেঞ্চ) নির্দেশ দিয়েছে **বালি এক্সপোর্টস লিমিটেড**-এর লিকুইডেশন শুরুর তারিখ **২১ এপ্রিল ২০২৬** কোড এর ৩৩ ধারা অধীনে।
**বালি এক্সপোর্টস লিমিটেড**-এর বিনিয়োগকারীগণকে প্রামাণ্য নথি সহ তাদের দাবি **২০ মে ২০২৬** তারিখে অর্ন্তবর্তীকালীন লিকুইডেটরের নিকট ক্রম নং ১০-এ উল্লিখিত ঠিকানায় পেশ করতে।
আর্থিক বিনিয়োগকারীগণ প্রামাণ্য নথি সহ কেবল বৈদ্যুতিন মাধ্যমেই তাদের দাবি দাখিল করতে পারবেন। অন্যান্য বিনিয়োগকারীগণ তাদের দাবি প্রামাণ্য নথি সহ ব্যক্তিগতভাবে বা ডাকযোগে বা বৈদ্যুতিন মাধ্যমে দাখিল করতে পারেন।
মিথ্যা অথবা বিভ্রান্তকারী প্রমাণ সহ দাবি দাখিলের ক্ষেত্রে জরিমানা হতে পারে।

**নীরজ কুমার সুরেকা**
**লিকুইডেটর : বালি এক্সপোর্টস লিমিটেড**
**তারিখ : ২৩.০৪.২০২৬** **IBBI/IPA-001/IP-P-01539/2019-2020/12517**
**স্থান : কলকাতা** **এএফএ বৈধ : ৩০.০৬.২০২৭পর্যন্ত**

## নির্বাচনী বিজ্ঞপ্তি

**জনসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে আমি আনিসুর রহমান পিতা মরহুম সিরাজুল ইসলাম গ্রাম কাউকে পাড়া পোস্ট দেবালয়া থানা দেগঙ্গা জেলা উত্তর ২৪ পরগনা পিন ৭৪৩৪২৪ বর্তমানে অল ইন্ডিয়া তৃণমূল কংগ্রেসের প্রার্থী হিসাবে 120 নম্বর দেগঙ্গা বিধানসভা কেন্দ্র থেকে প্রতিদ্বন্দ্বিতা করছি। আমার বিরুদ্ধে একটি বিচারাধীন মামলা রয়েছে LD SPECIAL JUDGE CBI (1), BICHAR BHAWAN, KOL - 700001,**
**যার বিবরণ নিম্নরুপ -**
**মামলা নং : ML 16/2023**
**(ECIR/KLZO-I/04/2022**
**Dated - 10/04/2022)**
**Sections – U/S- 3 & 4 Prevention of Money Laundering Act 2002.**
**উপরিউক্ত তথ্য নির্বাচন কমিশনের নির্ধারিত নিয়ম অনুযায়ী জনসাধারণের অবগতির জন্য প্রকাশ করা হলো।**

**Bata**
## বাটা ইন্ডিয়া লিমিটেড
CIN: L19201WB1931PLC007261
রেজিস্টার্ড অফিস: ২৭বি, ক্যামাক স্ট্রিট, ২য় তল, কলকাতা - ৭০০ ০১৬, পশ্চিমবঙ্গ
টেলিফোন: +৯১ ৩৩ ২২৮৯ ৫৭৯৬ | ফ্যাক্স: +৯১ ৩৩ ২২৮৯ ৫৭৪৮
ই-মেইল: share.dept@bata.com | ওয়েবসাইট: www.bata.in

**পাবলিক নোটিশ**

এতদ্বারা বিজ্ঞপ্তি দেওয়া হচ্ছে যে, কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩ (সংশোধিত) ("অ্যাক্ট")-এর ধারা ১০৮, ১১০ এবং অন্যান্য প্রযোজ্য বিধান (যদি থাকে)-এর সাথে পঠিত কোম্পানিজ (ম্যানেজমেন্ট অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেশন) রুলস, ২০১৪ (সংশোধিত), কর্পোরেট বিষয়ক মন্ত্রণালয় ("এমসিএ") দ্বারা জারি করা জেনারেল সার্কুলারসমূহ, যাদের নং ১৪/২০২০, নং ১৭/২০২০, নং ২২/২০২০, নং ৩৩/২০২০, নং ৩৯/২০২০, নং ১০/২০২১, নং ২০/২০২১, নং ৩/২০২২, নং ১১/২০২২, নং ০৯/২০২৩, নং ০৯/২০২৪ এবং নং ০৩/২০২৫ যথাক্রমে ৮ এপ্রিল, ২০২০, ১৩ এপ্রিল, ২০২০, ১৫ জুন, ২০২০, ২৮ সেপ্টেম্বর, ২০২০, ৩১ ডিসেম্বর, ২০২০, ২৩ জুন, ২০২১, ৮ ডিসেম্বর, ২০২১, ৫ মে, ২০২২, ২৮ ডিসেম্বর, ২০২২, ২৫ সেপ্টেম্বর, ২০২৩, ১৯ সেপ্টেম্বর, ২০২৪ এবং ২২ সেপ্টেম্বর, ২০২৫ তারিখে জারি করা (সম্মিলিতভাবে "এমসিএ সার্কুলারসমূহ"), আইসিএসআই দ্বারা জারি করা সাধারণ সভাগুলির সংশোধিত সেক্রেটারিয়াল স্ট্যান্ডার্ড (এসএস-২) অনুসারে, কোম্পানি বৃহস্পতিবার, ২৩ এপ্রিল, ২০২৬ তারিখে পোস্টাল ব্যালট (ই-ভোটিং) নোটিশ (১৫ এপ্রিল, ২০২৬ তারিখের) ("নোটিশ") প্রেরণ সম্পন্ন করেছে (কোম্পানির ওয়েবসাইটেও উপলব্ধ www.bata.in এবং এনএসডিএল-এর ওয়েবসাইট- www.evoting.nsdl.com-এ) ইমেলের মাধ্যমে সেইসব সদস্যদের যাদের ইমেল ঠিকানা নিবন্ধিত আছে, পোস্টাল ব্যালট (ই-ভোটিং)-এর মাধ্যমে সম্পাদিত হতে যাওয়া নিম্নলিখিত বিশেষ ব্যবসার জন্য সম্মতি চাওয়ার উদ্দেশ্যে:সদস্যদের অনুরোধ করা হচ্ছে যে, সভা, রেকর্ড তারিখ এবং অন্যান্য বিস্তারিত তথ্যের জন্য কোম্পানি দ্বারা ৮ই জুলাই, ২০২৫ তারিখে প্রকাশিত এবং ৯ই জুলাই, ২০২৫ তারিখে "ফিনান্সিয়াল এক্সপ্রেস" (ইংরেজি) এবং "একদিন" (বাংলা) সংবাদপত্রে প্রকাশিত সংবাদপত্রের বিজ্ঞাপনটি দেখতে। উক্ত বিজ্ঞাপন কোম্পানির ওয়েবসাইটেও উপলব্ধ আছে এবং স্টক এক্সচেঞ্জগুলিতেও পাঠানো হয়েছে যেখানে কোম্পানির ইক্যুইটি শেয়ার তালিকাভুক্ত আছে, যাতে তারা তাঁদের নিজ নিজ ওয়েবসাইটে তা প্রচার করতে পারে।

| আইটেম নং | প্রস্তাবের প্রকার | সংক্ষিপ্ত বিবরণ |
|---|---|---|
| ১ | বিশেষ | মিস রাধা রাজাপ্পা (DIN: 08530439)-কে স্বাধীন ডিরেক্টর হিসেবে পুনঃনিয়োগ |

**সদস্যদের এতদ্বারা আরও জানানো হচ্ছে যে:**

১. অ্যাক্টের ১০৮, ১১০ ধারা এবং অন্যান্য প্রযোজ্য বিধান (যদি থাকে)-এর সাথে পঠিত এর অধীনে প্রণীত নিয়মাবলী, এমসিএ পরিপত্রসমূহ এবং সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫ (সংশোধিত)-এর ৪৪ নম্বর রেগুলেশন মেনে, কোম্পানি তার সকল সদস্যদের রিমোট ই-ভোটিং সুবিধা প্রদান করতে পেরে আনন্দিত। সদস্যদের বৈদ্যুতিনভাবে তাদের ভোট দেওয়ার সুবিধা করে দিতে রিমোট ই-ভোটিং পরিচালনার জন্য কোম্পানি এনএসডিএল-কে নিয়োগ করেছে। এমসিএ পরিপত্র অনুযায়ী এই পোস্টাল ব্যালটের জন্য বিজ্ঞপ্তির ফিজিক্যাল কপি, পোস্টাল ব্যালট ফর্ম এবং ডাকমাশুল সমেত প্রিপেইড উত্তরের খাম সদস্যদের কাছে পাঠানো হবে না। সেই অনুযায়ী, সদস্যদের সম্মতি বা অসম্মতি জ্ঞাপন শুধুমাত্র রিমোট ই-ভোটিং-এর মাধ্যমেই হবে।

২. **উক্ত রিমোট ই-ভোটিং সুবিধা শুক্রবার, ২৪ এপ্রিল, ২০২৬ (সকাল ৯:০০ টা আইএসটি) শুরু হবে এবং শনিবার, ২৩ মে, ২০২৬ (বিকাল ৫:০০ টা আইএসটি) শেষ হবে।** সদস্যদের অনুরোধ করা হচ্ছে রিমোট ই-ভোটিং-এর মাধ্যমে তাদের ভোট প্রদান বিকাল ৫:০০ টার আগে সম্পন্ন করতে। শনিবার, ২৩ মে, ২০২৬ আইএসটি-তে বিবেচনার যোগ্য হওয়ার জন্য, অন্যথায় এটি কঠোরভাবে বিবেচনা করা হবে যে সংশ্লিষ্ট সদস্যদের কাছ থেকে কোনও ভোট পাওয়া যায়নি। এরপর ভোট দেওয়ার জন্য রিমোট ই-ভোটিং মডিউলটি এনএসডিএল দ্বারা নিষ্ক্রিয় করা হবে।

৩. পোস্টাল ব্যালট (রিমোট ই-ভোটিং) প্রক্রিয়াটি সুষ্ঠু ও স্বচ্ছভাবে যাচাই করার জন্য কোম্পানির বোর্ড অফ ডিরেক্টরস স্ক্রুটিনাইজার হিসেবে মেসার্স কোচার অ্যান্ড কোং, অ্যাডভোকেটস এবং লিগ্যাল কনসালট্যান্টস, ১১তম ফ্লোর, টাওয়ার-এ, ডিএলএফ টাওয়ারস, যশোলা ডিস্ট্রিক্ট সেন্টার, নতুন দিল্লি-১১০০২৫-এর পার্টনার শ্রী গগন বর্মা [বি.কম (অনার্স), এলএলবি এবং কোম্পানি সেক্রেটারি], তিনি ব্যর্থ হলে, অ্যাসোসিয়েট পার্টনার শ্রী ওবায়দুর রহমান [বি.কম (অনার্স), এলএলবি এবং কোম্পানি সেক্রেটারি]-কে নিয়োগ করেছে।

৪. কোম্পানির যে সদস্যদের নাম ডিপোজিটরি অর্থাৎ সিডিএসএল সিডিএসএল এবং এনএসডিএল -এর কাছ থেকে প্রাপ্ত সদস্যদের রেজিস্টার/বেনিফিশিয়াল ওনারদের তালিকায় শুক্রবার, ১৭ এপ্রিল, ২০২৬ তারিখ অনুযায়ী রয়েছে, সেইসব সদস্যসহ যারা কোম্পানি/ইস্যুর রেজিস্ট্রার এবং শেয়ার ট্রান্সফার এজেন্ট (মেসার্স এমইউএফজি ইনটাইম ইন্ডিয়া প্রাইভেট লিমিটেড (পূর্বে মেসার্স লিঙ্ক ইনটাইম ইন্ডিয়া প্রাইভেট লিমিটেড), সি ১০১, ২৪৭ পার্ক, এল.বি.এস. মার্গ, ভিখরোলি (পশ্চিম), মুম্বাই-৪০০০৮৩) ("আরটিএ")/ডিপোজিটরির কাছে ইমেল ঠিকানা নিবন্ধিত না থাকার কারণে বিজ্ঞপ্তি পাননি, শুধুমাত্র তারাই বিজ্ঞপ্তিতে উল্লেখিত প্রস্তাবের ক্ষেত্রে ভোট দেওয়ার অধিকারী হবেন। শুক্রবার তারিখে সদস্যদের নামে নিবন্ধিত শেয়ারের পরিশোধিত মূল্যের উপর ভোটাধিকার গণনা করা হবে। ১৭ এপ্রিল, ২০২৬ ("কাট-অফ তারিখ")। **যে ব্যক্তি বিজ্ঞপ্তিটি পেয়েছেন কিন্তু কাট-অফ তারিখে সদস্য ছিলেন না, তাঁর বিজ্ঞপ্তিটিকে শুধুমাত্র তথ্যগত উদ্দেশ্যে গণ্য করা উচিত।**

৫. পোস্টাল ব্যালটের ফলাফল সোমবার, ২৫ মে, ২০২৬ তারিখ বা তার আগে বিকাল ৫:০০ টার মধ্যে ঘোষণা করা হবে (আইএসটি) বোর্ড অফ ডিরেক্টরস-এর চেয়ারম্যান অথবা তাঁর অনুপস্থিতিতে কোম্পানির এমন কোনও ডিরেক্টর/কেএমপি দ্বারা, যিনি এই বিষয়ে যথাযথভাবে অনুমোদিত এবং ঘোষিত ফলাফলগুলি স্ক্রুটিনাইজার রিপোর্টের সাথে অন্তত ৩ (তিন) দিনের জন্য কলকাতার কোম্পানির রেজিস্টার্ড অফিসে এবং গুরুগ্রামে কোম্পানির কর্পোরেট অফিস মাইলস্টোন এক্সপেরিয়ন সেন্টারে প্রদর্শিত হবে। ২য় ফ্লোর, সেক্টর ১৫, পার্ট ২, গুরুগ্রাম-১২২০০১, হরিয়ানা এবং এটি কোম্পানির ওয়েবসাইট (www.bata.in) এবং এনএসডিএল -এর ই-ভোটিং ওয়েবসাইটেও (www.evoting.nsdl.com) আপলোড করা হবে এবং একইসঙ্গে স্টক এক্সচেঞ্জগুলিতে (ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ অফ ইন্ডিয়া লিমিটেড, বিএসই লিমিটেড এবং দ্য ক্যালকাটা স্টক এক্সচেঞ্জ লিমিটেড) পাঠানো হবে যেখানে কোম্পানির ইক্যুইটি শেয়ারগুলি তালিকাভুক্ত রয়েছে।

৬. ফিজিক্যাল মোডে শেয়ার ধারণকারী সদস্যরা এবং যাদের ইমেল ঠিকানা নিবন্ধিত নয়, তারা share.dept@bata.com-এ কোম্পানির কাছে বা investor.helpdesk@in.mpms.mufg.com-এ আরটিএ-এর কাছে নিম্নলিখিত নথিগুলি পাঠিয়ে তাদের ইমেল ঠিকানা নিবন্ধন করার পরে ই-ভোটিং সিস্টেমের মাধ্যমে তাদের ভোট দিতে পারবেন:
i. একটি স্বাক্ষরিত অনুরোধ পত্রের স্ক্যান কপি, যেখানে নাম, ফোলিও নম্বর এবং ধারণকৃত শেয়ারের সংখ্যা ও সম্পূর্ণ ডাক ঠিকানা উল্লেখ থাকবে;
ii. প্যান কার্ডের স্ব-প্রত্যয়িত স্ক্যান কপি; এবং
iii. শেয়ারহোল্ডিংয়ের বিপরীতে নিবন্ধিত সদস্যের ডাক ঠিকানার সমর্থনে যেকোনো নথির (যেমন আধার কার্ড/সাম্প্রতিক বিদ্যুৎ বিল/সাম্প্রতিক টেলিফোন বিল/ড্রাইভিং লাইসেন্স/পাসপোর্ট/ভোটার আইডি কার্ড/ব্যাঙ্ক পাসবুকের বিবরণ) স্ব-প্রত্যয়িত স্ক্যান কপি।
**ডিম্যাট মোডে শেয়ার ধারণকারী সদস্যদের তাদের ইমেল ঠিকানাগুলি সরাসরি তাদের নিজ নিজ ডিপোজিটরি পার্টিসিপেন্টের সাথে আপডেট করা উচিত।**

৭. যে সদস্যরা কোম্পানি, এর আরটিএ বা ডিপোজিটরিগুলির কাছে তাদের ইমেল ঠিকানা নিবন্ধন করেননি এবং পোস্টাল ব্যালট বিজ্ঞপ্তি পেতে চান এবং/অথবা রিমোট ই-ভোটিংয়ের মাধ্যমে তাদের ভোট দিতে চান তারাও কোম্পানির share.dept@bata.com-এ অথবা আরটিএ -এর investor.helpdesk@in.mpms.mufg.com-এ অথবা এনএসডিএল -এর evoting@nsdl.com-এ লিখতে পারেন এবং নিম্নলিখিত নথিগুলি পাঠিয়ে রিমোট ই-ভোটিংয়ের জন্য তাদের ইউজার আইডি এবং পাসওয়ার্ড পেতে পারেন:
i) একটি স্বাক্ষরিত অনুরোধ পত্রের স্ক্যান কপি যেখানে তাদের নাম এবং ডিপি আইডি এবং ক্লায়েন্ট আইডি / ফোলিও নম্বর উল্লেখ থাকবে;
ii. প্যান কার্ডের স্ব-প্রত্যয়িত স্ক্যান কপি; এবং
iii. শেয়ারহোল্ডিংয়ের বিপরীতে নিবন্ধিত সদস্যের ডাক ঠিকানার সমর্থনে যেকোনো নথির (যেমন আধার কার্ড/সাম্প্রতিক বিদ্যুৎ বিল/সাম্প্রতিক টেলিফোন বিল/ড্রাইভিং লাইসেন্স/পাসপোর্ট/ভোটার আইডি কার্ড/ব্যাঙ্ক পাসবুকের বিবরণ) স্ব-প্রত্যয়িত স্ক্যান কপি।
কোম্পানি অতিরিক্তভাবে সদস্যদের সাময়িকভাবে তাদের ইমেল ঠিকানা আপডেট করার সুবিধা প্রদান করেছে, বিজ্ঞপ্তি সহ শেয়ারহোল্ডারদের যোগাযোগ গ্রহণের সীমিত উদ্দেশ্যে https://web.in.mpms.mufg.com/EmailReg/Email_Register.html লিঙ্কটি অ্যাক্সেস করে।
**এটি স্পষ্ট করা হচ্ছে যে ইমেল ঠিকানাগুলির স্থায়ী নিবন্ধনের জন্য, সদস্যদের অনুরোধ করা হচ্ছে সংশ্লিষ্ট ডিপোজিটরি পার্টিসিপেন্টের মাধ্যমে ডিপোজিটরির কাছে ইলেকট্রনিক হোল্ডিংয়ের সাপেক্ষে তাদের ইমেল ঠিকানাগুলি নিবন্ধন করতে।**

৮. কোনও প্রশ্ন/অভিযোগের ক্ষেত্রে (রিমোট ই-ভোটিং সম্পর্কিত কোনও প্রযুক্তিগত সহায়তার প্রয়োজন সহ)। সদস্যরা এনএসডিএল -এর ই-ভোটিং ওয়েবসাইট (www.evoting.nsdl.com)-এর ডাউনলোড বিভাগের অধীনে উপলব্ধ শেয়ারহোল্ডারদের জন্য বারবার জিজ্ঞাসিত প্রশ্নাবলী (FAQs) এবং শেয়ারহোল্ডারদের জন্য ই-ভোটিং ব্যবহারকারী ম্যানুয়াল উল্লেখ করতে পারেন বা যোগাযোগ করতে পারেন:
i. শ্রী প্রীতম দত্ত, ডেপুটি ম্যানেজার, এনএসডিএল, ৩০১, ৩য় ফ্লোর, নমন চেম্বার্স, জি ব্লক, প্লট নং সি-৩২, বান্দ্রা কুরলা কমপ্লেক্স, বান্দ্রা পূর্ব, মুম্বাই-৪০০০৫১, মহারাষ্ট্র-এ ০২২-৪৮৮৬ ৭০০০ টেলিফোন নম্বরে অথবা ইমেল আইডি: evoting@nsdl.com-এ
ii. শ্রী মিলন অরোরা, ডেপুটি ম্যানেজার, বাটা সেক্রেটারিয়াল ডিপার্টমেন্ট, ফোন নম্বর: ০৩৩-২২৮৯ ৫৭৯৬/+৯১ ৯২৬৬৬৮৬৫৪৭-এ অথবা ইমেল আইডি: share.dept@bata.com-এ

৯. আরও বিশদ বিবরণের জন্য, অনুগ্রহ করে www.bata.in অথবা যে স্টক এক্সচেঞ্জগুলিতে কোম্পানির ইক্যুইটি শেয়ারগুলি তালিকাভুক্ত রয়েছে তাদের ওয়েবসাইটগুলি দেখুন।

পরিচালনা পর্ষদের আদেশানুসারে
**বাটা ইন্ডিয়া লিমিটেড এর পক্ষে**
স্বা/-
স্থান: গুরুগ্রাম **নিতিন বাগারিয়া**
তারিখ: এপ্রিল ২৩, ২০২৬ কোম্পানি সেক্রেটারি ও কমপ্লায়েন্স অফিসার

Printed and Published by **Krishnanand Singh** on behalf of **Narsingha Broadcasting Pvt. Ltd.** Printed at **LS.Publication, 4, Canal West Road, Kolkata 700015** and Published at **1, Old Court House Corner, 3rd Floor, Room no. 306(S), Tobacco House, Kolkata- 700001** **RNI No. WBBEN/2006/17404,** Phone: 033-4001 9663 email- dailyekdin1@gmail.com **Editor: Santosh Kumar Singh**

নরসিংহ ব্রডকাস্টিং প্রাইভেট লিমিটেড-এর পক্ষে কৃষ্ণানন্দ সিং কর্তৃক ১, ওল্ড কোর্ট হাউস কর্ণার, ৪র্থ তল, রুম নম্বর ৩০৬ (এস), টোবাকো হাউস, কলকাতা-৭০০০০১ থেকে প্রকাশিত ও এলএস পাবলিকেশনস প্রাইভেট লিমিটেড, ৪ ক্যানাল ওয়েস্ট রোড, কলকাতা-৭০০০১৫ থেকে মুদ্রিত।
**RNI No. WBBEN/2006/17404,** ফোন: ০৩৩-৪০০১ ৯৬৬৩, ইমেল: dailyekdin1@gmail.com **সম্পাদক: সন্তোষ কুমার সিং**